JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/8/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো জাতীয় কর্মক্ষেত্রে সচেতনতা সপ্তাহে (NATIONAL WORK ZONE AWARENESS WEEK) সহায়তার জন্য স্টেট এজেন্সিগুলোর বর্ধিত প্রচেষ্টার ঘোষণা দেন

রক্ষণাবেক্ষণ কর্মী ও স্টেট পুলিশের সাম্প্রতিক ঘটনাবলি কর্মক্ষেত্রে নিরাপত্তা এবং নিউ ইয়র্কের মুভ ওভার আইনের (New York's Move Over Law) গুরুত্বের কথা তুলে ধরে

থ্রুওয়ে অথরিটি (Thruway Authority), নিউ ইয়র্ক স্টেট পরিবহন বিভাগ (New York State Department of Transportation, NYSDOT), স্টেট পুলিশ, জরুরি কর্মী ও সড়কপথের অতিরিক্ত কর্মীগণ 12 এপ্রিল শুক্রবার সকাল 10 টা থেকে দুপুর 2 টা পর্যন্ত স্টেটজুড়ে শিক্ষামূলক প্রচার কর্মসূচির আয়োজন করবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ জাতীয় কর্মক্ষেত্রে সচেতনতা সপ্তাহ এপ্রিল 8-12 প্রচার ও সহায়তার জন্য নিউ ইয়র্ক স্টেট পরিবহন ও জরুরি সাড়াদান এজেন্সিগুলোর সপ্তাহব্যাপী প্রচেষ্টা ঘোষণা করেন। সারা সপ্তাহে, থ্রুওয়ে অথরিটি ও স্টেট পুলিশের কর্মীগণ মোটরগাড়ি চালকদের সাথে যোগাযোগ করতে এবং কর্মক্ষেত্রে নিরাপত্তা ও মুভ ওভার আইন সম্পর্কিত শিক্ষামূলক উপকরণ বিলি করতে থ্রুওয়ের 27 টি পরিষেবা অঞ্চলে এবং তিনটি অভ্যর্থনা কেন্দ্রে (Welcome Centers) পরিদর্শন করবেন। নির্দিষ্ট অবস্থানে, থ্রুওয়ের কর্মীগণ রোডসাইডের কর্মীগণ যে বিপদের সম্মুখীন হয় তা প্রদর্শনের জন্য কর্মক্ষেত্রের ঘটনায় সম্প্রতি ক্ষতিগ্রস্ত সরঞ্জাম প্রদর্শন করবেন।

"পরিবহন কর্মী ও আইন প্রয়োগকারী বাহিনী সংশ্লিষ্ট আমাদের সড়কপথে ঘটে যাওয়া সাম্প্রতিক বিভিন্ন শোকাবহ ঘটনার উত্থানে, সর্বকালের চেয়েও বর্তমানে অত্যন্ত গুরুত্বপূর্ণ হয়ে ওঠেছে যে আমরা মোটরগাড়ি চালকদের সর্বদা ট্রাফিক নিরাপত্তা আইন মেনে চলার জন্য শিক্ষাদান করব", **গভর্নর কুওমো বলেন।** "যেসব চালক আমাদের নিবেদিত কর্মীবাহিনীর জীবনকে ঝুঁকির মধ্যে ফেলে তাদেরকে নিউ ইয়র্ক মোটেই বরদাশত করবে না এবং যেহেতু আমরা জাতীয় কর্মক্ষেত্রে সচেতনতা সপ্তাহকে সমর্থন করি, আমরা এটি স্পষ্ট করব যে এই আইনগুলিকে অসম্মানকারী যে কাউকে জবাবদিহি করতে হবে।"

যেহেতু নির্মাণ মওসুম শুরু হয়েছে, মোটরগাড়ি চালকদের জন্য সড়কগুলি নিরাপদ তা নিশ্চিত করতে মেরামত ও উন্নয়ন কাজের জন্য অধিক সংখ্যক রক্ষণাবেক্ষণ কর্মী ও অন্যান্য কর্মী বাহিনী সড়কে থাকবেন। সব পর্যটকের কর্মক্ষেত্র অতিক্রমের সময় গতিসীমা কমানোর জন্য এবং সতর্ক থাকার জন্য প্রস্তুতি নেওয়া উচিত। 2000 সাল থেকে, জাতীয় কর্মক্ষেত্রে সচেতনতা সপ্তাহ ফেডারেল মহাসড়ক প্রশাসন (Federal Highway Administration) কর্তৃক স্বীকৃত। এই বছরের

প্রতিপাদ্য হলো "এমনভাবে গাড়ি চালান যেন আপনি এখানেই কাজ করেন (Drive Like You Work Here)।"

কর্মক্ষেত্রের আশেপাশে ও কর্মক্ষেত্রের বিভিন্ন সংকেত চিনতে ও বুঝতে পারা সব চালক ও সড়কপথের কর্মীদের জন্য অপরিহার্য। মোটরগাড়ি চালকদের স্মরণ করিয়ে দেয়া হচ্ছে যে একটি কর্মক্ষেত্রে গতিসীমা অতিক্রম করলে দ্বিগুণ জরিমানা গুণতে হবে এবং 2005 সালের ওয়ার্ক জোন সেফটি অ্যাক্ট (Work Zone Safety Act) অনুসারে কোনো ব্যক্তি যদি কর্মক্ষেত্রে দুই বা তার বেশি বার গতিসীমা অতিক্রম করে তাহলে ব্যক্তির ড্রাইভিং লাইসেন্স বাতিল করা হতে পারে। কর্মক্ষেত্রে নিরাপত্তা বিষয়ক আরও পরামর্শ পাওয়া যাবে thruway.ny.gov এখানে।

স্টেটব্যাপী রক্ষণাবেক্ষণ কর্মীগণ প্রতিদিন দ্রুতগামী যানবাহনের পাশাপাশি কাজ করেন, তারা জানেন যে তাদের জীবন নির্ভর করছে চালকদের সতর্ক, ধৈর্য্যশীল ও সাবধান থাকার উপর। এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ যে মোটর গাড়ি চালকগণ মনোযোগ বিক্ষেপ হ্রাস করবে, গাড়ি চালানোয় মনোযোগ দেবেন এবং কর্মীদের জন্য জায়গা ছেড়ে দেবেন।

13 মার্চে, পরিবহন বিভাগ (DOT) এর রক্ষণাবেক্ষণ কর্মী ম্যাট হাওকে ঝলকানি দেয়া আলো সহ রুট 17 এর জরুরি থামার জায়গায় নিয়োগ দেওয়া হয় যিনি মোটরগাড়ি চালকদের সড়কে কেবল নামা সড়ক মেরামত কর্মীদের ব্যাপারে সতর্ক করছেন। জায়গা ছেড়ে দিতে ব্যর্থ হওয়া একজন ট্র্যাক্টর ট্রেলার চালক ম্যাটের ট্রাককে আঘাত করে তাকে মারাত্মকভাবে জখম করে। তিনি অসংখ্য পরিবারের সদস্য ও বন্ধু-বান্ধবদের ছেড়ে চলে যান।

26 মার্চে, চারজন থ্রুওয়ে অথরিটির রক্ষণাবেক্ষণ কর্মী আহত হন যখন একজন ট্র্যাক্টর ট্রেলার একটি কর্মক্ষেত্রে প্রবেশ করেন এবং থ্রুওয়ের দুইটি যানবাহনকে আঘাত করেন যখন কর্মীগণ সড়ক মেরামতের কাজ করছিলেন। ট্রাকের চালকটিকে মুভ ওভার আইন লঙ্ঘন এবং আরও বিভিন্ন যানবাহন ও ট্রাফিক আইন লঙ্ঘনের জন্য টিকেট লাগিয়ে দেয়া হয়। এছাড়াও মার্চে, দুইজন নিউ ইয়র্ক স্টেটের ট্রুপার থ্রুওয়ের পৃথক পৃথক দুর্ঘটনায় মারাত্মক আঘাতের হাত থেকে রক্ষা পান যেখানে চালকগণকে মুভ ওভার আইন লঙ্ঘনের জন্য টিকেট লাগিয়ে দেয়া হয়।

এছাড়া, 2016 সালের অক্টোবরে, থ্রুওয়ে অথরিটির কর্মী রোনাল্ড ডেমিং হারকিমার কাউন্টিতে একটি যানবাহনের সংঘর্ষে মারাত্মকভাবে জখম হন যখন তিনি মহাসড়কের জরুরি থামার জায়গায় একটি যাত্রীবাহী গাড়ি উদ্ধারে সহায়তা করছিলেন। চালকটিকে মুভ ওভার আইন লঙ্ঘনের জন্য টিকেট লাগিয়ে দেওয়া হয়। 2017 সালে, থ্রুওয়ে অথরিটি নিউ ইয়র্কের জরুরি সাড়াদান কর্মীদের বিপদগুলি তুলে ধরে একজন সহকর্মী রোনাল্ড ডেমিংকে নিয়ে একটি প্রামাণ্য ভিডিও প্রকাশ করে।

থ্রুওয়ে অথরিটির এক্সিকিউটিভ ডিরেক্টর ম্যাথিউ জে. ড্রিসকোল বলেন, "প্রতিদিন, আমাদের সড়কপথের কর্মীগণ আমাদের সড়কপথকে সব চালকের জন্য নিরাপদ রাখতে তাদের জীবনকে ঝুঁকির মধ্যে রেখেছে। NYSDOT রক্ষণাবেক্ষণ কর্মীর সাম্প্রতিক মৃত্যু ও একটি কর্মক্ষেত্রে থ্রুওয়ের চারজন কর্মীর আহত হওয়ার ঘটনা আমাদের কর্মীগণ যে বিপদের সম্মুখীন হন তার গুরুত্বপূর্ণ স্মরণিকা। কর্মক্ষেত্রে গতিসীমা কমানোর, সতর্ক থাকার এবং জায়গা ছেড়ে দেওয়া নিরাপদ হলে তা

করার জন্য আমরা মোটরগাড়ি চালকদের জোরালোভাবে আহ্বান জানাই। গতি না কমিয়ে বা জায়গা ছেড়ে না দিয়ে আপনি যে অল্প সময় বাঁচাবেন তা অন্য কারো জীবনকে ঝুঁকিতে ফেলার মতো মূল্যবান নয়।"

স্টেটের পরিবহন বিভাগের চিফ অব স্টাফ টড ওয়েস্থিয়াস বলেন, "প্রতিদিন, আমাদের সড়ক ও সেতুগুলোতে নিরাপত্তা বৃদ্ধির চেষ্টা করে যাচ্ছি এবং সড়কে মেরামত কাজে লিপ্ত আমাদের কর্মীদের জন্য তা অত্যাবশ্যক। আমাদের কর্মীদের তাদের কাজ করার সময় তাদের জীবনের আশঙ্কায় ভয়ে থাকা উচিত নয়; এটি অত্যাবশ্যক যে মোটরগাড়ি চালকগণ গতি কমাবেন এবং নিরাপদে জায়গা ছেড়ে দেবেন যাতে সড়কের কর্মী ও সে সংক্রান্ত পরিদর্শকগণ প্রতিদিন নিরাপদে বাড়ি যেতে পারেন।"

DMV ভারপ্রাপ্ত কমিশনার এবং গভর্নরস ট্রাফিক সেফটি কমিটির (Governor's Traffic Safety Committee) অ্যাক্টিং চেয়ার জে. এফ. স্ক্রুডার বলেন, "আমরা নিশ্চিত করতে চাই যে আমাদের মহাসড়কগুলো ব্যবহারকারীদের জন্য যথাসম্ভব নিরাপদ থাকবে - বিশেষ করে আমাদের পুলিশ ও জরুরি কাজে সাড়াদান কর্মী এবং নির্মাণ ও রক্ষণাবেক্ষণ কর্মীদের জন্য যা তাদের জীবনকে প্রতিদিন ঝুঁকিতে ফেলে, যাতে আমাদের সবার জন্য সড়ককে নিরাপদ রাখা যায়। অর্থহীন ও প্রতিরোধযোগ্য শোকাবহ ঘটনাগুলো এড়াতে, সব মোটরগাড়ি চালককে যখন তারা জরুরি যানবাহন ও রক্ষণাবেক্ষণ কর্মীদের সম্মুখীন হবেন তখন অবশ্যই গতি কমানোর ও জায়গা ছেড়ে দেওয়ার আইন মানতে হবে। অনুগ্রহ করে আপনার মনোযোগ সড়কে রাখুন কারণ আমরা নির্মাণ মওসুমে প্রবেশ করছি - এক মুহূর্তের মনোযোগ বিচ্ছিন্নতা অনেক মারাত্মক হতে পারে।"

ভারপ্রাপ্ত রাষ্ট্র পুলিশ সুপারিন্টেনডেন্ট কিথ এম. কোরেলেট বলেন, "প্রায়ই, আমরা প্রত্যক্ষ করেছি যে শোকাবহ ঘটনাগুলি সে সময় ঘটে যখন মোটরগাড়ি চালকগণ আমাদের মহাসড়কের কর্মক্ষেত্রে লাগানো গতিসীমা মেনে না চলে। যেহেতু নির্মাণ মওসুম শুরু হতে যাচ্ছে, চালকদের জন্য কর্মক্ষেত্র অতিক্রম করার সময় তাদের গতিসীমার প্রতি খেয়াল রাখা, সতর্ক থাকা এবং তাদের ইলেকট্রনিক ডিভাইসগুলি বন্ধ রাখা অত্যাবশ্যক। আইন প্রয়োগকারী বাহিনী ও জরুরি কাজে সাড়াদানকারী ও আমাদের সড়কপথ রক্ষণাবেক্ষণকারী অন্যান্যদের জন্য মহাসড়কগুলো অন্যতম সবচেয়ে বিপজ্জনক কর্ম পরিবেশ। নিরাপদ কর্মক্ষেত্র তৈরি এবং আমাদের মহাসড়ক ও স্টেটের মধ্যে কাজ করতে হয় এমন কর্মীদের সুরক্ষা দিতে আমরা প্রতিশ্রুতিবদ্ধ। আমাদের ট্রুপারগণ সড়কের আইন প্রয়োগে সদা সতর্ক থাকবেন এবং লঙ্ঘনকারীদেরকে টিকেট ধরিয়ে দেবেন। আমরা সব চালককে সড়কের প্রতি মনোযোগ দিয়ে, যখন তারা সড়কের জরুরি থামার স্থানে একটি জরুরি যানবাহন বা রক্ষণাবেক্ষণ কর্মী দেখবেন তখন গতি কমিয়ে এবং জায়গা ছেড়ে দিয়ে তাদের ভূমিকা পালন করে যেতে আহ্বান জানাই।"

শুক্রবার, 12 এপ্রিল, সকাল 10 থেকে দুপুর 2 টা পর্যন্ত, থ্রুওয়ে অথরিটি, NYSDOT এর প্রতিনিধিগণ, স্টেট পুলিশ, স্থানীয় জরুরি কর্মী, টাউ অপারেটর ও সড়কপথের অতিরিক্ত কর্মীগণ থ্রুওয়েজুড়ে নিম্নোক্ত স্থানগুলোতে কর্মক্ষেত্রের নিরাপত্তা এবং মুভ ওভার আইন প্রচার করবেন:

প্লেটকিল সার্ভিস এরিয়া

I-87 নর্থবাউন্ড
এক্সিট 17 (নিউবার্গ - I-84) ও 18 (নিউ পালজ - রুট 299) এর মধ্যে

ক্যাপিটাল রিজিয়ন ওয়েলকাম সেন্টার (Capital Region Welcome Center)
I-87 নর্থবাউন্ড
এক্সিট 21B (কক্সস্যাকি - রুট 9W) ও 21A (বার্কশায়ার সেকশন/মাস পাইকে) এর মধ্যে

ওয়ার্নার্স সার্ভিস এরিয়া
I-90 ওয়েস্টবাউন্ড
এক্সিট 39 (সায়রাকিউজ - I-690) ও এক্সিট 40 (উইডস্পোর্ট) এর মধ্যে

ক্লিয়ারেন্স সার্ভিস এরিয়া
I-90 ওয়েস্টবাউন্ড
এক্সিট 48A (পেমব্রুক - রুট 77) ও 49 (ডিপিউ - রুট 78) এর মধ্যে

মুভ ওভার আইন

মোটর চালকদের আইন প্রয়োগকারী কর্তৃপক্ষের গাড়ি, আগুন নেভানোর ট্রাক, অ্যাম্বুলেন্স, গাড়ি উঠিয়ে নিয়ে যাওয়ার ট্রাক এবং রাস্তায় পাশে থাকা কনস্ট্রাকশন অথবা রক্ষণাবেক্ষণের গাড়ির নিকটে আসলে নিউ ইয়র্কের মুভ ওভার আইন (Move Over Law) মেনে সযত্নে গাড়ি চালানোর, গাড়ির গতি কম করার এবং নিরাপদ দূরত্বে গাড়ি থামানোর মতো নিয়মগুলি মেনে চলতে হবে।

রাস্তায় কাজ করা নিউ ইয়র্কবাসীদের সুরক্ষিত করতে নিউ ইয়র্কের মুভ ওভার আইনটি 2011 সালে পাস করা হয় এবং তারপর থেকে বিভিন্ন ধরনের জরুরি এবং বিপজ্জনক গাড়ি অন্তর্ভুক্ত করতে বাড়ানো হয়েছে।

স্বেচ্ছাসেবী অগ্নিকর্মী ও অ্যাম্বুলেন্স কর্মীদের অন্তর্ভুক্ত করতে 2016 সালের জুলাইয়ে নিউ ইয়র্কের মুভ ওভার আইন সম্প্রসারণ করা হয়, যা পূর্বে শুধু আইন প্রয়োগকারী বাহিনী, জরুরি বা আপদকালীন যানবাহনগুলির ক্ষেত্রে প্রযোজ্য ছিল। এই আইন বর্তমানে নীল, সবুজ, লাল, সাদা ও অ্যাম্বার আলো ছড়ানো যানবাহনের ক্ষেত্রেও প্রযোজ্য। এই বর্ধিত আইন আইন প্রয়োগকারী বাহিনীকে মহাসড়কে কর্মরত লোকদের নিরাপত্তা বিপন্নকারী আইন লঙ্ঘনকারীদের শাস্তি দেয়ার জন্য আরও বেশি কর্তৃত্ব প্রদান করে। সমগ্র নিউ ইয়র্ক স্টেটে সবগুলো সড়কে মোটরগাড়ি চালকদের অবশ্যই যথাযথ মনোযোগ দিতে হবে এবং নিরাপদ হলে, সড়কে কর্মরত যানবাহন ও কর্মীদের জন্য পর্যাপ্ত জায়গা দিতে জায়গা ছেড়ে দিয়ে এক লেইনে চালাতে হবে। 1 নভেম্বর 2016 তারিখে, আবর্জনা ও পুনঃপ্রক্রিয়াকারী ট্রাকের মতো সেনিটেশন যানবাহনগুলিকে অন্তর্ভুক্ত করতে এই মুভ ওভার আইনকে আরও সম্প্রসারণ করা হয়।

গভর্নরের ট্রাফিক নিরাপত্তা কমিটি (Governor's Traffic Safety Committee) 2016 সালে একটি সরকারি কর্ম ঘোষণা (Public Service Announcement) প্রদান করেন যেটি সমগ্র নিউ ইয়র্ক

স্টেটে ভূমিকা রাখবে, মোটরগাড়ি চালকদের আইন প্রয়োগকারী বাহিনী, মহাসড়কের কর্মী এবং অন্যান্য প্রভাবকারী সংস্থাগুলোকে জায়গা ছেড়ে দেওয়ার জন্য উৎসাহিত করবে।

মোটরগাড়ি চালকদের শিক্ষাদানের জন্য আইন ও বিভিন্ন প্রচেষ্টা সত্ত্বেও, স্টেট পুলিশ নতুন আইন লঙ্ঘনকারীদের টিকেট ধরিয়ে দেয়া অব্যাহত রাখবে। নিচে গত তিন বছরের জন্য টিকেট নম্বরগুলো দেয়া হলো:

2018: 13,059
2017: 13,173
2016: 11,703

মুভ ওভার আইনটি সড়কপথের উভয় পাশেই প্রযোজ্য হবে, শুধু ডানদিকের জরুরি কাজের দিকে নয় এবং লঙ্ঘনে ধরা পড়া মোটরগাড়ি চালকগণ প্রথম অপরাধের জন্য তাদের লাইসেন্স দুই পয়েন্ট এবং অন্তত 150 মার্কিন ডলার জরিমানার সম্মুখীন হতে পারেন।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন